

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 26-12-2025**

**Time: 1.30 P.M.**

## বিশেষ বিশেষ খবর -

- ১) রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু আজ নতুন দিনিতে ‘বীর বাল দিবসে’ অনুষ্ঠানে ১৮টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ২০ জন শিশুকে ‘প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার’ প্রদান করেন।
  - ২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন আগামী দিনে সংস্কারের ধারা আরও জোরদার করে তাঁর সরকার জীবনযাত্রা আরও সহজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।
  - ৩) প্রধানমন্ত্রী আজ নতুন দিনিতে বিভিন্ন রাজ্যের মুখ্য সচিবদের তিনদিনব্যাপী জাতীয় সম্মেলনে বক্তব্য রাখবেন।
  - ৪) অন্ধ্রপ্রদেশে আজ দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় ৭ জন নিহত এবং পাঁচজন আহত হয়েছেন। কর্ণাটকের চিত্রদুর্গে বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে সাত।
  - ৫) বাংলাদেশের ক্ষমতাচ্ছত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিযোগ করেছেন যে মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার বাংলাদেশে অমুসলিমদের উপর অবর্ণনীয় অত্যাচার চালাচ্ছে।
  - ৬) তিরুবনন্তপুরমের গ্রিনফিল্ড স্টেডিয়ামে আজ মহিলাদের T-20 ক্রিকেট সিরিজের তৃতীয় ম্যাচে ভারত শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooooooooooo

ରାଷ୍ଟ୍ରପତି ଦ୍ରୌପଦୀ ମୁର୍ମୁ ଆଜ ନତୁନ ଦିନିତେ ‘ବୀର ବାଲ ଦିବସେ’ର ଅନୁଷ୍ଠାନେ ‘ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ରାଷ୍ଟ୍ରୀୟ ବାଲ ପୁରସ୍କାର’ ପ୍ରଦାନ କରେନ । ଏହି ବହୁର ୧୮ଟି ରାଜ୍ୟ ଓ କେନ୍ଦ୍ରଶାସିତ ଅଞ୍ଚଳେର ୨୦ ଜନ ଶିଶୁକେ ଏହି ସମ୍ମାନ ପ୍ରଦାନ କରା ହ୍ୟ ।

এদিনের অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, এই সম্মান পুরস্কারপ্রাপক এবং দেশের ভবিষ্যৎ প্রজন্মকে উৎসাহিত করবে।

(বাইট - রাষ্ট্রপতি)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বীর বাল দিবস উপলক্ষ্যে আজ এক বার্তায়, সাহেবজাদা'দের বীরত্ব ও আত্মবলিদানের কথা স্মরণ করেছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী, মাতা গুজরি জীর প্রতি অবিচল বিশ্বাস এবং শ্রী গুরু গোবিন্দ সিং জী'র শিক্ষার কথা স্মরণ করে বলেন, ওই দিন ছিল সাহস, প্রত্যয় এবং ন্যায়পরায়ণাতার দিন। প্রধানমন্ত্রী তাঁর বার্তায় সাহেবজাদা'দের আদর্শ ও আত্মবলিদান, প্রতিটি প্রজন্মকে প্রেরণা দেয় বলে উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে তাঁর সরকার জীবনযাত্রা আরও সহজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আগামী দিনে সংস্কারের ধারা আরও জোরদার হবে বলেও তিনি জানান। সোশ্যাল মিডিয়ায় MyGovIndia-এর একটি পোস্ট শেয়ার করে, শ্রী মোদী তুলে ধরেন যে কীভাবে ২০২৫ সালে শাসনব্যবস্থায় একটি স্পষ্ট পরিবর্তন এসেছে। এখন সংস্কারগুলির জটিলতার উপর নয়, ফলাফলের উপর দৃষ্টি দেওয়া হয়। সহজ কর আইন, দ্রুত বিরোধ নিষ্পত্তি এবং আধুনিক শ্রম কোড ব্যবসা বৃদ্ধিতে সহায়ক হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন যে তাঁর সরকারের সুপরিকল্পিত নীতি, কীভাবে নীরবে দৈনন্দিন জীবনকে উন্নত করতে পারে তা দেখিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবদের তিনিদিনব্যাপী জাতীয় সম্মেলনে যোগ দেবেন। আগামী দুদিন সম্মেলনে

সভাপতিত্ব করবেন তিনি। কেন্দ্র-রাজ্য সম্পর্ককে আরো দৃঢ় করতে এই বৈঠক কার্যকরী ভূমিকা নেবে বলে আশা করা হচ্ছে।

এই সম্মেলনে বিকশিত ভারত উদ্যোগকে সামনে রেখে দেশের সার্বিক উন্নয়নের বিষয়ে আলোচনা হবে। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির উন্নয়নকে একসূত্রে বাঁধতে বিভিন্ন পরিকল্পনা বিষয়ে সম্মেলনে সিদ্ধান্ত নেওয়া হতে পারে। 'বিকশিত ভারতের লক্ষ্য মানব সম্পদের ব্যবহার' এই থিমকে সামনে রেখে এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। জোর দেওয়া হবে, শিশু শিক্ষা, স্কুলশিক্ষা, ফিল উন্নয়ন, উচ্চশিক্ষা, ক্রীড়া উন্নয়ের উপর।

oooooooooooooooooooooooooooo

মুখ্যসচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে যোগ দিতে পশ্চিমবঙ্গের মুখ্য সচিব মনোজ পন্থ আজ নতুন দিল্লি যাচ্ছেন। পুসার ইন্ডিয়ান কাউণ্টিল অব এগ্রিকালচার রিসার্চের ন্যাশনাল এগ্রিকালচারাল সায়েন্স কমপ্লেক্সে তিনি দিনের সম্মেলনের মূল ভাবনা হিউম্যান ক্যাপিটাল ফর বিকশিত ভারত। তারই মধ্যে কৃষি, শিক্ষা, মাওবাদী, পর্যটন, আঞ্চনিক ভারত, স্বদেশির মতো বিষয়ে পৃথক পৃথক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত করতে কী করা দরকার তা নিয়েই এবার মূলত আলোচনা হবে। দেশে মাওবাদী সমস্যা নিরসনে সরকার প্রায় শেষ পর্যায়ে চলে এসেছে। মাওবাদী সমস্যা নিয়ে পরবর্তী কী পরিকল্পনা করা যায়, তা নিয়েও চর্চা হবে সম্মেলনে। শিক্ষায় বাল্য বয়স থেকে পরিণত উচ্চশিক্ষার বিষয় নিয়েও আলোচনা হওয়ার কথা রয়েছে।

○○○○○○○○○○○○○○○○○○

ତ୍ରିପୁରା ବିଧାନସଭାର ଅଧ୍ୟକ୍ଷ ବିଶ୍ୱବନ୍ଦୁ ସେନେର ପ୍ରୟାଗେ, ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ନରେନ୍ଦ୍ର ମୋଦୀ ଶୋକ ପ୍ରକାଶ କରେଛେ । ସାମାଜିକ ମାଧ୍ୟମେର ଏକ ଶୋକ ବାର୍ତ୍ତା ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ବଲେନ, ତ୍ରିପୁରାର ଉନ୍ନନ୍ୟନେ ଏବଂ ସାମାଜିକ ସଂକାରେ ତାଁର ଅବଦାନ, ଚିରସ୍ମରଣୀୟ ହେଁ ଥାକବେ ।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা'ও বিশ্ববন্ধু সেনের প্রয়াণে শোক ব্যক্ত করেছেন। শোক প্রকাশ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর.ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্নপ্রদেশে আজ দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় ৭ জন নিহত এবং পাঁচজন আহত হয়েছেন। গুন্টুর জেলায় একটি বাস ও গাড়ির সংঘর্ষে তিনজন নিহত ও তিনজন আহত হন। একটি গাড়ি যখন রাস্তার ধারে দাঁড়িয়ে ছিল, পেছন থেকে একটি বাস এসে গাড়িটিকে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে।

অন্য আর একটি দুর্ঘটনায় নাল্দিয়াল জেলায় একটি বাস ও একটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, কর্ণাটকের চিত্রদুর্গে বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭। গতকাল একটি ট্রাকের সঙ্গে সংঘর্ষের পর ওই স্থানের কোচ বাসটিতে আগুন ধরে যায়।

ঘটনাস্থলে মৃত্যু হয় ৬ জনের। দন্ত হন ২১ জন। আজ ভোররাতে বাস চালকের  
মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুন দিনিতে সন্ত্রাসবাদ বিরোধী সম্মেলনের উদ্বোধন করবেন। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে যে, দুই দিনের এই সম্মেলনে সন্ত্রাসবাদ মোকাবিলায় নিযুক্ত অপারেশনাল বাহিনী, প্রযুক্তিগত, আইনি এবং ফরেনসিক বিশেষজ্ঞদের জন্য জাতীয় নিরাপত্তাকে প্রভাবিত করে এমন বিষয় এবং সন্ত্রাসবাদ থেকে উদ্ভূত ভূমকি নিয়ে আলোচনা করা হবে।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় গ্রামোন্যন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, ২০৪৭ সালের মধ্যে ভিকসিত ভারত: জিরাম জি প্রকল্পের আওতায় গ্রামে উন্নয়নমূলক কাজ তরান্বিত হবে। ডিডি নিউজের সঙ্গে এক সাক্ষাৎকারে, শ্রী চৌহান বলেন যে এই প্রকল্পটি গ্রামীণ পরিবারের জন্য মজুরি সহ কর্মসংস্থানের গ্যারান্টি ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করেছে। মন্ত্রী উল্লেখ করেছেন যে, নতুন এই আইনে, আবেদনের ১৫ দিনের মধ্যে কাজ না দিলে বাধ্যতামূলক বেকার ভাতা প্রদান করা হবে।

মন্ত্রী বলেন যে, মজুরি, উপকরণ এবং প্রশাসনিক উপাদানগুলির জন্য মোট আনুমানিক বার্ষিক তহবিলের প্রয়োজন এক লক্ষ ৫১ হাজার কোটি টাকারও বেশি। এর মধ্যে কেন্দ্রীয় অংশ প্রায় ৯৫ হাজার কোটি টাকারও বেশি।

(বাইট - শিবরাজ সিং চৌহান)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় রেল আজ থেকে তাদের যাত্রী ভাড়া কাঠামোয় পরিবর্তন করছে। এই সংশোধিত ভাড়া কাঠামোয় শহরতলির ট্রেন পরিষেবা এবং সিজন টিকিটের ভাড়ার

কোনও পরিবর্তন করা হয়নি। আগে কাটা টিকিটের ক্ষেত্রে কোনও অতিরিক্ত মূল্য দিতে হবে না।

সাধারণ দ্বিতীয় শ্রেণীর কামরায় ২ শো ১৫ কিলোমিটার পর্যন্ত যাত্রীভাড়া বাড়েনি। ২ শো ১৬ থেকে, ৭ শো ৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ভাড়া বেড়েছে পাঁচ টাকা। এছাড়াও, ৭ শো ৫১ কিলোমিটার থেকে ১ হাজার ২ শো ৫০ কিলোমিটার পর্যন্ত ১০ টাকা ভাড়া বেড়েছে। ১ হাজার ২ শো ৫১ কিলোমিটার থেকে ১ হাজার ৭ শো ৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ১৫ টাকা এবং তারপর ২ হাজার ২ শো ৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ২০ টাকা ভাড়া বৃদ্ধি পাচ্ছে।

শহরতলির বাইরে দূরপাঞ্চার ট্রেনে স্লিপার শ্রেণীর সাধারণ এবং প্রথম শ্রেণীর কামরায় প্রতি কিলোমিটারে ১ পয়সা হারে ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও, মেল ও এক্সপ্রেস ট্রেনে এসি ও নন-এসি উভয় কামরার ক্ষেত্রেই কিলোমিটার পিছু দু'পয়সা ক'রে ভাড়া বাড়ে।

তবে, ভাড়া বৃদ্ধি ঘটলেও জি এস টি হার অপরিবর্তিত থাকছে বলে রেল মন্ত্রক জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় আবহাওয়া বিভাগ (IMD) আজ দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, পাঞ্জাব, ছত্রিশগড়, ঝাড়খণ্ড এবং পশ্চিম রাজস্থানের কিছু অংশে শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, বিহার, সিকিম এবং উত্তরাখণ্ডের কিছু জায়গায় আজ শীতলতম দিনের পূর্বাভাষ।

আই এম ডি জানিয়েছে, দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, অরুণাচল প্রদেশ, হিমাচল প্রদেশ, জম্বু ও কাশ্মীর, লাদাখ, ওড়িশা, সিকিম, পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্ব অঞ্চলে দিনের বেলা ঘন থেকে খুব ঘন কুয়াশা থাকবে।

কলকাতায় আজ এই মরশুমের শীতলতম দিন।

আলিপুর আবহাওয়া দপ্তরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে ১ দশমিক ৬ ডিগ্রি কম- ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার বাংলাদেশে অমুসলিমদের উপর অবর্ণনীয় অত্যাচার চালাচ্ছে। ৭৮ বছর বয়সী আওয়ামী লীগ নেতৃ অভিযোগ করেছেন যে বর্তমান শাসকগোষ্ঠী অবৈধভাবে ক্ষমতা দখল করেছে এবং ধর্মীয় সংখ্যালঘুদের পুড়িয়ে হত্যার মতো ভয়াবহ নজির স্থাপন করছে। গত সপ্তাহে বাংলাদেশে একজন হিন্দু ব্যক্তির পিটিয়ে হত্যার প্রসঙ্গ টেনে তিনি এই মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তান সীমান্ত দিয়ে সম্ভাব্য জঙ্গি অনুপ্রবেশের গোয়েন্দা তথ্য সামনে আসতেই, জন্মু, সাস্বা এবং কাঠুয়া জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পাশাপাশি সীমান্তরক্ষী বাহিনী পাঞ্জাবের সীমান্তবর্তী অঞ্চলে উচ্চ পর্যায়ের সতর্কতা জারি করেছে। গোয়েন্দা রিপোর্ট অনুযায়ী, পাকিস্তানের দিকে ঘাঁটি গেড়ে থাকা ৩ থেকে ৪ জন জঙ্গির একটি দল জন্মুর কাঠুয়া সীমান্তবর্তী পাঠানকোট এবং গুরুদাসপুর অঞ্চলের ঘন কুয়াশাকে কাজে লাগিয়ে পাঞ্জাব দিয়ে অনুপ্রবেশের চেষ্টা করতে পারে। সেই কারণে পাঞ্জাবের আন্তর্জাতিক সীমান্তে, বিশেষ করে গুরুদাসপুর এবং পাঠানকোটে অতিরিক্ত সেনা মোতায়েন করা হয়েছে। বিভিন্ন সীমান্ত অঞ্চলে তল্লাশি চালানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তানের মদতপুষ্ট সন্ত্রাসবাদীদের ক্রমাগত ভূমকির মোকাবিলায়, জন্মু-কাশ্মীরের পুলিশ কৃত্রিম বুদ্ধিমত্তার বা AI প্রযুক্তির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার উদ্যোগ নিয়েছে। পরবর্তী প্রজন্মের এই প্রযুক্তি ব্যবহার করে কেন্দ্র শাসিত অঞ্চলের আন্তর্জাতিক সীমান্ত অঞ্চলে নজরদারি চালানো সম্ভব হবে। রায়পুরে সম্প্রতি প্যান

ইন্ডিয়া পুলিশ বাহিনীর ডিজিপি ও আইজিপি'দের সম্মেলনে, সীমান্ত অঞ্চলে নজরদারি চালাতে উন্নত প্রযুক্তির ব্যবহারের উপর জোর দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তিরুবনন্তপুরমের গ্রিনফিল্ড স্টেডিয়ামে আজ মহিলাদের টি -২০ ক্রিকেট সিরিজের তৃতীয় ম্যাচে ভারত, শ্রীলঙ্কার মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। পাঁচ ম্যাচের সিরিজে ভারত ২-০ তে এগিয়ে গেছে। আজ সিরিজ জয়ের লক্ষ্যে নামছে ভারত। বিশাখাপত্নমে প্রথম ম্যাচে ভারত ৮ উইকেটে, দ্বিতীয় ম্যাচে ৭ উইকেটে শ্রীলঙ্কাকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০